গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর
www.bagherpara.jessore.gov.bd

**নম্বর:** ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.৭২

তারিখ: ৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## নোটিশ

**বিষয়: উপজেলা পরিষদের মার্চ-২০২৪ মাসের মাসিক সভার নোটিশ প্রেরণ**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মার্চ '-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৭ মার্চ '২০২৪ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে ।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com (mailto:cobagherpara@gmail.com) **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

**আলোচ্যসূচীঃ**

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা ।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা ।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা ।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা ।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম) ।
৮. বিবিধ।

২১-০৩-২০২৪
হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া,
যশোর ও মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪;
২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা;
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৫। ভাইস চেয়ারম্যান(পুরুষ), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৬। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৭। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর;
৮। উপজেলা.............................কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর;
৯। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/ জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর এবং
১০। উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য-১নং/২নং/৩নং, বাঘারপাড়া, যশোর।।

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৭২

তারিখঃ ২১ মার্চ' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ৩. | মেয়র, বাঘারপাড়া পৌরসভা | |
| ৪. | চেয়ারম্যান, জহুরপুর ইউপি | |
| ৫. | চেয়ারম্যান, বন্দবিলা ইউপি | |
| ৬. | চেয়ারম্যান, রায়পুর ইউপি | |
| ৭. | চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি | |
| ৮. | চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি | |
| ৯. | চেয়ারম্যান, দোহাকুলা ইউপি | |
| ১০. | চেয়ারম্যান, দরাজহাট ইউপি | |
| ১১. | চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি | |
| ১২. | চেয়ারম্যান, জামদিয়া ইউপি | |

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৭২

তারিখঃ ২১ মার্চ' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা | |
| ৩ | উপজেলা প্রকৌশলী | |
| ৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ১১ | উপজেলা প: প: কর্মকর্তা | |
| ১২ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা | |
| ১৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | |
| ১৪ | ফরেস্টার, সামাজিক বনায়ন | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) | |

উপজেলা পরিষদের মার্চ/২০২৪ মাসের মাসিক
সাধারন সভার উপস্থিতি

সভাপতি ঃ জনাব ভিক্টোরিয়া পারভীন (সাথী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া।

স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন।

তাং ও সময়: ২৭-০৩-২০২৪ খ্রিঃ, রবিবার বেলা: ১১.৩০ঘটি

সভায় উপস্থিত জনপ্রতিনিধি গনের স্বাক্ষর:

১। জনাব, মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান উপঃ পরিঃ — [signature] ২৭/০৩/২৪

২। জনাব বিথীকা বিশ্বাস, মহিলা " " " " — [signature] ২৭/০৩/২৪

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া, যশোর — [signature] ২৭/০৩/২৪

৪। চেয়ারম্যান, জহুরপুর ইউপি → [signature]

৫। " বন্দবিলা " → [signature]

৬। " রায়পুর " → [signature]

৭। " নারিকেলবাড়ীয়া " → [signature] ২৭/০৩/২৪

৮। " ধলগ্রাম " → [signature] ২৭/০৩/২০২৪

৯। " দোহাকুলা " → [signature] ২৭/০৩/২৪

১০। " দরাজহাট " → [signature] ২৭/০৩/২৪

১১। " বাসুয়াড়ী " → [signature] ২৭/০৩/২০২৪

১২। " জামদিয়া " → [signature] ২৭/০৩/২০২৪

~~বিষয়: উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর: উপস্থিত কমান্ডার~~

সাইয়েদা নাসরিন আক্তার

| | | |
|---|---|---|
| ১। | উপজেলা কৃষি অফিসার, বাঘারপাড়া | (signature) |
| ২। | মো: আশরাফুল আলম, USSO | (signature) 27/3/2024 |
| ৩। | ইশতিয়াক আহমেদ, PIO | (signature) 27/03/24 |
| ৪। | মো: মোতালেব হোসেন, UDF, UGDP | (signature) 27/03/24 |
| ৫। | সাজেদ আক্তার SAE, LGED, বাঘারপাড়া | (signature) 27-03-24 |
| ৬। | মো: ইকবাল হোসেন, UFPO | (signature) |
| ৭। | অজয় কুমার পাল, AP(1 ET), বাঘারপাড়া | (signature) 27/03/24 |
| ৮। | ডা. আব্দুল রহমান, MO, BUHC | (signature) 27/03/24 |
| ৯। | মো: আবু হানিফ, SAE, DPHE | (signature) 27.3.24 |
| ১০। | মো: মোস্তাফিজুর রহমান, UPEO | (signature) 27/03/24 |
| ১১। | ডা. মামুনুর রশিদ, ULO, Baghारpara | (signature) 27/03/24 |
| ১২। | জান্নাতুল ফেরদৌস লাবনী, UWAO, বাঘারপাড়া | (signature) 27/03/2024 |
| ১৩। | ইসরাত জাহান শাহীন, UEO, বাঘারপাড়া | (signature) 27/3/24 |
| ১৪। | এ.এম. এম. জিল্লুর রশীদ, USEO বাঘারপাড়া | (signature) |
| ১৫। | বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) বাঘারপাড়া, যশোর। | (signature) 27/3/24 |

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৭ মার্চ ২০২৪ বুধবার, বেলা-১১.৩০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের তালিকা :**

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

**অনুপস্থিত সদস্যদের তালিকা :**

নাই

**উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :**

০১) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব সালেহ আকরাম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) ডাঃ খাদেমুল এহসান, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর, বাঘারপাড়া, যশোর
০৮) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব ইসমত আরা পারভীন, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব এস.এম জিল্লুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।

**অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):**

০১) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২ মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি । | সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার। |
| ০২. | **পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় । | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩. | **বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন)<br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। | নিয়মীত বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। | ১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ, |
| ০৪ | **৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-<br>**(ক) নতুন একটি খাদ্য গুদাম স্থাপন সংক্রান্তঃ** বাঘারপাড়া উপজেলায় একটি খাদ্য গুদাম রয়েছে যা উপজেলার একটি প্রান্তে অবস্থিত । যার কারনে ০৪(চার) ইউনিয়ন পরিষদ সন্নিকটে হলেও বাকি ০৫টি ইউনিয়ন পরিষদ থেকে দুরত্ব প্রায় ১৫-৩৫কিলোমিটার। সুতরাং বর্ণিত দূরবর্তী ইউনিয়ন পরিষদ থেকে ডিও এর মালামাল উত্তোলন করতে পরিবহন ব্যয় অধিক হয় । এছাড়া ঐসকল ইউনিয়ন থেকে কৃষকগণ ধান ও চাল বিক্রয় করতে চায়না । সেপ্রেক্ষিতে বর্ণিত ০৫(পাঁচ) টি ইউনিয়ন পরিষদের সুবিধাজনক স্থানে একটি খাদ্য গুদাম স্থাপনের বিষয়টি সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় আলোচনাকালে উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, খাদ্য গুদামের জন্য জায়গা নির্বাচনের জন্য পূর্বে একটি প্রস্তবনা প্রেরণ করা হয়েছিল, কিন্তু উক্ত জায়গাটি তিন ফসলি জমি হওয়া অধিদপ্তর থেকে আগত টিম পরিদর্শনকালে প্রস্তাবনাটি বাতিল করেছে। জমি নির্বাচনের ক্ষেত্রে উচু বা নাল জমি অর্থাৎ যেখানে কৃষি কাজ বা ফসল চাষযোগ্য নহে সেধরণের জায়গা নির্ধারণের জন্য তাগিদ প্রদান করেছে মর্মে সভাকে অবহিত করেন।<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে অত্র উপজেলার জামদিয়া ইউনিয়নের ধলগ্রাম রাস্তার মোড়ের সন্নিকটে ধলগ্রাম-বসুন্দিয়া সড়ক সংলগ্ন (যেখানে পূর্বে একতা ব্রিকস ছিল) একটি জমির প্রস্তবনা উপস্থাপন করা হয় । উক্ত বিষয়ে সার্বিক আলোচনান্তে জনাব এনামুল হক বাবুল, মাননীয় সংসদ সদস্য. (৮৮-যশোর-৪) ও উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দসহ অন্যান্য সকল সদস্যগন বর্নিত জমিতে খাদ্য গুদাম স্থাপনের প্রস্তবনা প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করেন। এ বিষয়ে দুততার সহিত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | (ক) উপজেলার জামদিয়া ইউনিয়নের ধলগ্রাম রাস্তার মোড়ের সন্নিকটে ধলগ্রাম-বসুন্দিয়া সড়ক সংলগ্ন যেখানে পূর্বে একতা ব্রিকস ছিল সেই জমিতে খাদ্য গুদাম স্থাপনের প্রস্তবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় । | (ক)১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। সহকারী কমিশনার(ভূমি)<br>৪। উপজেলা খাদ্য কর্মকর্তা<br>৫। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | **(ঙ) উপজেলা পরিষদের দোকানঘর ভাড়া সংক্রান্তঃ** উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২৪ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১২মার্চ ২০২৪খ্রিঃ তারিখের ৪৬.০০.৪১০৯.০০০.১৭.০০২.২২-০৫নং স্মারকে নোটিশের মাধ্যমে উপজেলা পরিষদের চৌরাস্তা সংলগ্ন ০৩(তিন) দোকানঘরে ব্যবসায়ীদের নিকট তারা কোন কাগজপত্রের(বৈধ) বিনিময়ে উক্তঘর ব্যবহার করছেন সেবিষয়ে ব্যাখ্যা ও কাগজপত্র চাওয়া হয় । উক্ত নোটিশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যবসায়ীগণ লিখিতভাবে জানান যে তারা শুধু মাত্র দোকানের কর্মচারী উক্ত দোকানসমূহের ভাড়াটিয়াগণের মধ্যে দুইজন চিকিৎসার জন্য ভারতে এবং আর একজন তাবলীগ জামাতের | (খ) বৈধ কাগজপত্র প্রদর্শণ করার জন্য আবেদনের তারিখ হতে ০১(এক) মাসের সময় প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং সময়পরবর্তীতে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহন করার | (খ)<br>(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | দুইজন চিকিৎসার জন্য ভারতে এবং আর একজন তাবলীগ জামাতের চিল্লায় গেছেন সেহেতু কাগজপত্র প্রদর্শনের জন্য ০১(এক) মাস ১০-১৫ দিন সময় প্রার্থনা করেছেন মর্মে দাখিলকৃত আবেদন সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ তাদেরকে আবেদনের তারিখ হতে ০১(এক) মাসের সময় দেওয়ার বিষয়ে অভিমত ব্যক্ত করায় সভায় উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে উক্ত অভিমত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | |
| ০৫. | **আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)**<br><br>**(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (**মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী**) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) ডিসেম্বর-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-গ সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তেS বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় ।<br><br>**(খ) উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টার ও আনসার শেড এ পানি সমস্যা সংক্রান্তঃ** উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারে অবস্থিত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ সভায় জানান যে, উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টারে পানির পাইপ অনেক পুরাতন হওয়ায় কিছু জায়গায় ফেটে গিয়ে পানি বের হচ্ছে এবং পানির পাইপ আয়রন জমে জ্যাম হয়ে গেছে ফলে পানি ট্যাংকি পরিপূর্ণ করা দুরহ হয়ে পড়েছে । এছাড়া গেজেটেড কোয়ার্টারের ট্যাংকির সহিত উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার সদস্যদের জন্য নির্মিত শেডে লাইন প্রদান করায় পানি উঠানোর সাথে সাথেই শেষ হয়ে যাচ্ছে । যার ফলে গেজেটেড কোয়ার্টারে পানি বিহীন বসবাস করা খুবই কষ্টকর হয়ে পড়েছে মর্মে সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে আনসার শেডের পানির লাইন আলাদাকরণসহ দ্রুততার সহিত পানির সমস্যা দুর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | (ক)<br>বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।<br><br>(খ)<br>আনসার শেডের পানির লাইন আলাদাকরণসহ দ্রুততার সহিত পানির সমস্যা দুর করার সিদ্ধান্ত গৃহিত হয় । | (ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br><br>(খ) ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ০৬. | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** আলোচনা নাই | | |
| **০৭.** | **সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)** | | |
| **ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, এডিপি এর টেন্ডার কাজের বিল প্রদান কার্যক্রম চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রকৌশলী |
| **খ.স্বাস্থ্য বিভাগ:** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেক্স এর বহিঃ বিভাগ থেকে ৬৮৪০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৪৪৪ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৫০৫ জন রোগীকে অমত্মঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৩৫ জন, ১০ জন সিজারিয়ান করা হয়। ৩৩৪ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২২৯৯০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৮০৫ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৩২৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |

<table>
<tr>
<td>গ.কৃষি বিভাগ:</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, গত ২০২২-২০২৩ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধান আবাদ ছিল ১৬৪৪০ হেক্টর । চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধান আবাদ হয়েছে ১৬৫৫০ হেক্টর। চলতি অর্থ বছরে  গম ১০৪ হেক্টর জমিতে আবাদ হয়ে কর্তন সম্পন্ন হয়েছে। মসুরের আবাদ হয়েছে ৩৭৪ হেক্টর, বৃষ্টির কারণে ফলন কম হয়েছে। বোরো ধান,ভূট্টা, সবজি,সহ অন্যান্য ফসলের সার্বিক অবস্থা ভাল। রবি মৌসুমের বিভিন্ন ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন, ফলগাছের পরিচর্যা, বসতবাড়ীতে পুষ্টিবাগান স্থাপনসহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশন প্রদান করা হয়েছে। প্রনোদনার আওতায় ২০২৩-২০২৪ অর্থ  বছরে খরিপ-১ মৌসুমে প্রনোদনা কর্মসূচির আওতায় ৯০০ জন কৃষকের মাঝে বিনা মূল্যে পাটের বীজ বিতরণ করা হয়েছে এবং প্রণোদনার আওতায় ১৪০০ জন কৃষকের মাঝে বিনা মূলে আউশ ধানের সার ও বীজ বিতরণের বরাদ্দ পাওয়া গেছে। অগ্রাধিকার তালিকা প্রস্তুতের কাজ চলমান আছে। উপজেলা কৃষি পূর্ণবাসন বাস্তবায়ন কমিটির অনুমোদন সাপেক্ষে বিতরণ করা হবে। রবি মৌসুমে সারের উত্তোলন,বিতরণ ও মজুদ পরিস্থিতি নিম্নের ছকে দেখানো হলো।
<table>
<tr><td>সারের নাম</td><td>চলতি মাসের বরাদ্দ (মেঃ টন)</td><td>চলতি মাসের উত্তোল(মেঃ টন)</td><td>বিক্রয় (মেঃ টন)</td><td>বর্তমান মজুদ (মেঃ টন)</td></tr>
<tr><td>ইউরিয়া</td><td>৫৬০</td><td>২৪০</td><td>৬০৭</td><td>৪৯২</td></tr>
<tr><td>টিএসপি</td><td>৯০</td><td>২৪.৮</td><td>১১৬</td><td>৮৯</td></tr>
<tr><td>ডিএপি</td><td>১৯০</td><td>৩২.৯৫</td><td>২৯৪</td><td>৩০৭</td></tr>
<tr><td>এমওপি</td><td>১৮০</td><td>৬৪.৪</td><td>১৯০</td><td>১৮০</td></tr>
</table>
কোথাও সারের কোন ঘাটতি নাই। বাজার স্থিতিশীল আছে। এব্যাপারে উপসহকারী কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অফিসার এবং উপজেলা কৃষি অফিসার সর্বদা সার মনিটরিং করছেন। প্রদর্শনী স্থাপন,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা ।</td>
</tr>
<tr>
<td>ঘ.মৎস্য বিভাগ:</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, অত্র দপ্তরের আওতায় ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প এর অর্থায়নে ধুপখালী মৎস্যচাষী দল ও এদের সাথে সম্পৃক্ত দের নিয়ে ধুপখালী বটতলা বাজারে মাঠ দিবস পালন করা হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষীদের মৎস্য চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। ১লা নভেম্বর ২০২৩খ্রি. তারিখ হতে ৩০শে জুন ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য আড়ৎ ও মৎস্য বাজার সার্বক্ষনিক জাটকা সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।  এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>ঙ.প্রাণি সম্পদ বিভাগ:</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, মার্চ-২৪খ্রিঃ মাসে ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন-১৯৫, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন-১২৩০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন-৫০৮, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান- ক. গবাদিপশুর টিকা প্রদান-৩২০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৫০০০০ মাত্রা ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৩১৪ টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান- ১০১৪৭টি, ৫.পেষাপ্রাণির চিকিৎসা প্রদান-০২টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা-০৫টি, ৭.খামার পরিদর্শন-১০টি, ৮.দুধ উৎপাদন-২২৪৫টি, ৯.মাংস উৎপাদন-৫৮৭ মে.টন, ১০.ডিম উৎপাদন-০.৩৬ লক্ষ **সারাদেশ ব্যাপি প্রণিসম্পদ ডিজিটাল সার্ভে কার্যক্রম চলমান।, ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)। ক. টিকাবীজ বিক্রয়-১২৫০০/-, খ.কৃত্রিম প্রজনন-১০২০০০/-, গ.খামার রেজিঃ-১১৭৮৭৫/- । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| **ঠ. সমবায় বিভাগ :** | উপজেলা সমবায় কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ২টি ও ৬১ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ২০২১-২০২২সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,২৩,০৩০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,২৩,০৩০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৮১১২৭/-টাকা, আদায়কৃত সিডিএফ ৮১১২৭/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৩৬০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৯৩,৭৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৮১,০৪৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| **ড. মহিলা বিষয়ক দপ্তর:** | **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। মার্চ/২০২৪ মাসের খাদ্যশস্য বিতরণের জন্য ডিও প্রদান করা হয়েছে। ভিডব্লিউবি উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা হতে এনজিও নিয়োগ করা হয়েছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতি ইউনিয়নে ০৬ (ছয়) জন করে ০৯ টি ইউনিয়নে মোট ৫৪ জন এবং বাঘারপাড়া পৌরসভায় ১৩ জন ভাতাভোগী নির্বাচনের বরাদ্দ রয়েছে। ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত ০৯ টি ইউনিয়নে মোট ৪৩২ জন এবং পৌরসভায় ১০৪ জন ভাতাভোগী চুড়ান্ত করা হয়েছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে ।**উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা । |
| **ঢ. ত্রাণ বিভাগ:** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে । | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| **ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের গভীর নলকূপের চালান সংগ্রহের কাজ চলমান পাশাপাশি নলকূপ স্থাপনের কাজও চলমান রয়েছে। পিইডিপি -৪ প্রকল্পের আওতায় ১৮ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| **ত. বন বিভাগ** | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি । | দাপ্তরিক কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় । | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর |
| **০৯.বিবিধ:** | ১। চেয়ারম্যান জামদিয়া জানান যে, ভিটাবল্যায় স্বাস্থের যে ভবন রয়েছে সেখানে ডাক্তার সেভাবে পাওয়া যায়না ।<br><br>২। চেয়ারম্যান জহুরপুর জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কোন কার্যক্রমে জনপ্রতিনিধীদের সহিত সমন্বয় করে না । এছাড়া ইউনিয়ন পরিষদের ভবন নাই, ভবন নির্মানের বিষয়ে মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করেন ।<br><br>৩। চেয়ারম্যান, দোহাকুলা ইউপি জানান যে, সামাজিক সুরক্ষা ভাতার বিশেষ বরাদ্দ আনা যায় কিনা সেবিষয়ে মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করেন । এছাড়া তিনি তার ইউনিয়নের অভ্যন্তরে অবস্থিত এফডব্লিভিতে জনবল সংকটের বিষয়ে উপস্থাপন করেন। | (১)(২) ও (৩) সেবিষয়ে মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করা হয় । | (১)(২)(৩) মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ ও উপদেষ্টা উপজেলা পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| **চ.সমাজসেবা দপ্তর:** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ২য় কিস্তি ২৩৩২২ জনের পেরোল পাঠানো হয়েছে এবং যার ভাতা বিতরন কার্যক্রম চলমান। ১০৬৬ জন ভাতাভোগী মৃত্যুবরণ করায় রিপ্লেসমেন্ট করা হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। মোট-৫২৬২ জন ভাতা প্রত্যাশী আবেদন পাওয়া গেছে ইতোমধ্যে প্রতিবন্ধীভাতার ১৩৮১ জনের বরাদ্দ পাওয়া গেছে।প্রতিবন্ধ ভাতাভোগী নির্বাচন কাযক্রম চলমান। পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ বিতারন- ১৯০০,০০০/-(উনিশ লক্ষ টাকা)মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| **ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৬৪৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৮৬০১(চক্র) কনডম ৬৪৮(পিস) ইনজেকটেবল ০০ জন আইইউডি ০৩জন, ইমপ্লান্ট ৫৯জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০০, মোট ০০ জন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| **জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):** | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২৪ এর আওতায় আন্ত:প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতা বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। জেলা পর্যায়ের প্রতিযোগীতা ২৭/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। অত্র উপজেলার প্রার্থী ০৫টি আইটেমে চ্যাম্পিয়ান হয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগীতায় অংশগ্রহন করেছে। অন্যান্য কার্যক্রম নির্দেশনা মোতাবেক সুষ্টভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| **ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম নির্দেশনা মোতাবেক সুষ্টভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |
| **ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ৪৩৬ টি দল/সমিতিরি ১২৪৪৮ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৩-২০২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪৯.০০ লক্ষ টাকা। এছাড়া ছাতিয়ানতলা গার্লস স্কুল এর ১০০ জন কিশোরী নারিকেলবাড়ীয়া সেবাসংঘ মাধ্যমিক বিদ্যালয়ের ১০০ জন কিশোরীসহ সর্বেমেসমাট ২০০ জন কিশোরিকে ৩ দিন ব্যাপী মোট তিনবার কিশোরী সচেতনামূলক প্রশিক্ষণ প্রদানসহ বিনামূল্যে বয়স উপযোগী প্রশিক্ষণ সামগ্রী বিতরণ করা হয়েছে। চলতি আর্থিক বছরে ৮১০ জন সদস্যর মধ্যে ৪৫০.১৩ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪০২.১৪ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ৪৪ জন সদস্যকে ১২.০০ লক্ষ টাকা ৪% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে এই প্রকল্পের মেয়াদ ৩১ডিসেম্বর ২০২৩ শেষ হয়। পুনরায় ০১/০১/২০২৪হতে এই প্রকল্প কর্মসুচি আকারে চলমান থাকবে। উক্ত কর্মসূচির ঋণ বিতরণের সেবামূল্য হবে ৮% যা ১লা জানুয়ারি হতে কার্যকর হবে। এছাড়া ১৩০ জন পুরুষ ও মহিলা সদস্যদের ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| **ট. যুব উন্নয়ন দপ্তর:** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৮৯১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরে আরো ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। যার মধ্য থেকে ৫৫৩২ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০৭২ জন যুব ও ৬৬৪ জন যুব মহিলা সহ মোট ১৭৩৬জন কে যুব ঋণ হিসাবে ৫,১৮,৫১,৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা চিত্রা নদীর অভায়াশ্রমের কচুড়িপানা পরিস্কার করণের প্রস্তবনা সভায় উপস্থাপন করেন । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বলা হয় এখন যেহেতু গরম এবং পানি কম সেহেতু কচুড়িপানা সরালে মাছের ক্ষতি হতে পারে । সুতরাং বৃষ্টি শুরু পর পানি বৃদ্ধি পেলে তখন কচুড়িপানা অপসারণ করলে স্রোতের অনুকূলে সহজে সরানো যাবে।<br>৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকল কার্যক্রমের সহিত জনপ্রতিনিধীদের সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>৬। জনাব এনামুল হক বাবুল, মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ জাননা যে উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান এবং সকল জনপ্রতিনিধীগণকে একই পরিবারের মতো মিলেমিশে কাজ করতে হবে সেটা না হলে উপজেলা উন্নয়ন সম্ভব হবে । তিনি উপস্থিত সকলকে ঈদের অগ্রিম শুভেচ্ছা জানান । | (৪) বৃষ্টিকালীন সময়ে কচুড়িপানা অপসারণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৫) সমন্বয়পূর্বক সকল কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | (৪) উপজেলা মৎস্য কর্মকর্তা<br>(৫) সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩/৪/২০২৪
ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-১৪** **তারিখঃ ০৩- ০৪-২০২৪ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ........................................... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,...............................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

৩/৪/২০২৪
হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

## পরিশিষ্ঠ-গ

### উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

### ফেব্রুয়ারী-২০২৪

যে সভায় উপস্থাপিতঃ- মার্চ-২০২৪

| ক্রমিক | বিবরণ | বিলের পরিমান | চেকনং ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জানুয়ারী-২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান | ৪০০০০/- | চেক নং ৪৭০৪৭১৫ তাং ০১.০২.২০২৪ |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জানুয়ারী-২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৭১৬ তাং ০১.০২.২০২৪ |
| ৩. | জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর জানুয়ারী-২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৭১৭ তাং ০১.০২.২০২৪ |
| ৪. | মোঃ সোহেল হোসেন, মালী, উপজেলা পরিষদকে জানুয়ারী-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩৭৫০/- | চেক নং ৪৭০৪৭১৮ তাং ০১.০২.২০২৪ |
| ৫. | মোঃ খলিল হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে জানুয়ারী-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩৭৫০/- | চেক নং ৪৭০৪৭১৯ তাং ০১.০২.২০২৪ |
| ৬. | মেসার্স আলামিন কনস্ট্রাকশন, আরাপপুর, ঝিনাইদহকে, ইন্টেরিয়র ডিজাইন(কনফারেন্সরুম) এর জামানত ফেরত বিল প্রদান | =৮৪৭০০/- | চেক নং ৪৭০৪৭২০ তাং ০১.০২.২০২৪ |
| ৭. | মেসার্স পলাশ এন্টার প্রাইজ, অভয়নগর, যশোরকে, ইন্টেরিয়র ডিজাইন(উপঃ চেয়ারম্যান,ইউএনও ও দুইটি অফিসরুম) এর জামানত ফেরত বিল প্রদান | =১২৭৭৮৫/- | চেক নং ৪৭০৪৭২১ তাং ১২.০২.২০২৪ |
| ৮. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের ফেব্রুয়ারী-২৪ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান | =৫৫৬২/- | চেক নং ৪৭০৪৭২২ তাং ২০.০২.২০২৪ |
| ৯. | জনাব কিংকর বিশ্বাস, হিসাবসহকারী, ইউএনও অফিস কে ফেব্রুয়ারী-২০২৪ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান | =২৬৮৫০/- | চেক নং ৪৭০৪৭২৩ তাং ২৭.০২.২০২৪ |
| ১১. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৩১৫০/- | চেক নং ৪৭০৪৭২৪ তাং ২৭.০২.২০২৪ |
| ১২. | জনাব কিংকর বিশ্বাস, হিসাবসহকারী, ইউএনও অফিস কে স্থানীয় সরকার দিবস-২০২৪ উদযাপন কাজে ব্যয়িত বিল প্রদান | =২২২৫৭/- | চেক নং ৪৭০৪৭২৫ তাং ২৭.০২.২০২৪ |
| ১৩. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী স্থানীয় সরকার দিবস উদয়াপন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =২৭৪৩/- | চেক নং ৪৭০৪৭২৬ তাং ২৭.০২.২০২৪ |
| ১৪. | জনাব খলিল, পরিচ্ছন্নতাকর্মীকে, উপজেলা পরিষদ ক্যাম্পাসের আগাছা কর্তন ও বর্জ্য অপসারণ কাজে ব্যয়িত বিল প্রদান | =১৭৫০০/- | চেক নং ৪৭০৪৭২৭ তাং ২৭.০২.২০২৪ |
| ১৫ | জনাব মোঃ মামুন হোসেন, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস-২০২৪ এর আয়োজন কাজে ব্যয়িত বিল প্রদান | =২১৭০০/- | চেক নং ৪৭০৪৭২৮ তাং ২৯.০২.২০২৪ |
| ১৬ | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী শহীদ দিবস উদযাপন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৩৩০০/- | চেক নং ৪৭০৪৭২৯ তাং ২৯.০২.২০২৪ |

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।